



প্রেস বিজ্ঞপ্তি

১৪/০১/২০২০

মিথ্যা গুজব ছড়িয়ে আক্রমণ

১৪ জানুয়ারী ২০২০ মাগরিবের নামাযের পর একদল উগ্র-ধর্মাত্মক সাম্প্রদায়িক শক্তি ব্রাহ্মণবাড়িয়া শহরস্থ কান্দিপাড়ায় অবস্থিত আহমদীয়া মুসলিম জামা'তের মসজিদ “মসজিদ বায়তুল ওয়াহেদ”-এ হামলা চালায়। ‘কাদিয়ানিরা মাদ্রাসার ছাত্রদের পিটিয়েছে’ এমন মিথ্যা গুজব ছড়িয়ে আক্রমণকারীরা লোকজনকে উত্তেজিত করে এবং আক্রমণ চালায়। তাদের ইটপাটকেলের আঘাতে তিনতলা মসজিদের কাঁচের জানালাগুলো ভেঙ্গে চুরমার হয়ে যায় এবং লোহার গেট ভেঙ্গে মসজিদ প্রাঙ্গণে ঢোকার চেষ্টা করে। তারা পার্শ্ববর্তী বাড়িতে রাখা আহমদীয়া মুসলিম জামা'তের মাইক্রোবাস (ঢাকা মেট্রো-৮-১৬-১৮৭৭) ভাঙচুর করে। আক্রমণকারীরা আশেপাশে আহমদীদের বাড়িঘরেও হামলা চালায়।

আক্রমণের সংবাদ পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। তবে শেষ খবর পাওয়া পর্যন্ত পরিস্থিতি উত্তপ্ত রয়েছে এবং ওরা আবারো মিথ্যা গুজব ছড়িয়ে সংঘবদ্ধ আক্রমণের পরিকল্পনা করছে বলে আমরা জানতে পেরেছি। এরা বিভিন্ন সোশাল মিডিয়ায় এখনো গুজব ছড়াচ্ছে। প্রসঙ্গত উল্লেখ্য যে, উগ্র-ধর্মাত্মক সাম্প্রদায়িক শক্তি ইতিপূর্বে গুজব ছড়িয়ে খুলনায় আহমদীয়া মসজিদে, রামুর বৌদ্ধ মন্দিরে, ব্রাহ্মণবাড়িয়ার নাসিরপুরে হিন্দু ধর্মাবলম্বীদের ওপর এবং কিছুদিন আগে ভোলার বোরহানুদ্দিনে সাম্প্রদায়িক দাঙ্গার সৃষ্টি করে। এখানে এ-ও উল্লেখ্য যে, ১৯৮৭ সালে এভাবে মিথ্যা গুজব ছড়িয়ে ব্রাহ্মণবাড়িয়া শহরের পুরনো আহমদীয়া মসজিদটি সাম্প্রদায়িক শক্তি বলপূর্বক দখল করে নেয় এবং এখন পর্যন্ত তারা সেটি অবৈধভাবে দখল করে রেখেছে। আজকের এই আক্রমণ সেখান থেকেই পরিচালনা করা হয়েছে।

আমরা আহমদীয় মুসলিম জামা'তের সদস্যগণ শান্তিপূর্ণ এবং দেশের আইনের প্রতি শ্রদ্ধাশীল নাগরিক। আমরা কখনোই আইন নিজের হাতে তুলে নেই না।

আমরা এধরনের ঘটনায় উদ্বেগ প্রকাশ করছি এবং গুজব-সৃষ্টিকারী দুর্বৃত্তদের আইনের আওতায় এনে আমাদের জান-মালের নিরাপত্তা নিশ্চিত করার জন্য সরকার ও প্রশাসনের কাছে আবেদন জানাচ্ছি।

নিবেদক,

আহমদ তবশির চৌধুরী

ইনচার্জ, প্রেস ও মিডিয়া সেকশন

আহমদীয়া মুসলিম জামা'ত, বাংলাদেশ

ফোন: ০১৭১৩০২৪৪১৩

ইমেইল: atabshir@gmail.com